যুগান্তর

তারিখ 11 MAY 2015
পৃষ্ঠা ৪ কলাম ১

# রবীন্দ্র বিশ্ববিদ্যালয় আইন মন্ত্রিসভায় উঠেছে আজ

যুগান্তর রিপোর্ট

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নামে সিরাজগঞ্জের শাহজাদপুরে পাবলিক বিশ্ববিদ্যালয় হচ্ছে। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে আজকের মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপন করা হতে পারে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয় আইন-২০১৫'। সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত এ বৈঠকে আইনটির অনুমোদন দেয়া হতে পারে বলে মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা গেছে। প্রসঙ্গত, রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৪তম জন্মবার্ষিকীতে গত শুক্রবার শাহজাদপুরে বিশ্ববিদ্যালয়টির ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন প্রধানমন্ত্রী।